

রাজ্যে রাজ্যে কমরেড শিবদাস ঘোষ স্মরণ

দিল্লি

দিল্লির এনডি তেওয়ারি ভবনে ৬ আগস্ট কমরেড শিবদাস ঘোষ স্মরণ সভায় বক্তব্য রাখেন দলের কেন্দ্রীয় কমিটির সদস্য এবং এ আই ইউ টি ইউ সি-র সাধারণ সম্পাদক কমরেড শংকর সাহা। সভাপতিত্ব করেন দিল্লি রাজ্য সাংগঠনিক কমিটির সম্পাদক কমরেড প্রাণ শর্মা।

কর্ণাটক

বাস্কালোরের এমসিএম হলে ৫ আগস্ট স্মরণসভায় প্রধান বক্তা ছিলেন কেন্দ্রীয় কমিটির সদস্য, কর্ণাটক রাজ্য সম্পাদক কমরেড কে রাধাকৃষ্ণ। সভাপতিত্ব করেন রাজ্য সম্পাদক-মণ্ডলীর সদস্য কমরেড কে উমা। নরেন্দ্র মোদি সরকারের ফ্যাসিবাদী কার্যকলাপের তীব্র সমালোচনা করেন কমরেড রাধাকৃষ্ণ।

বিহার

৬ আগস্ট বিহারের পাটনায় আই এম এ হলে অনুষ্ঠিত স্মরণসভায় প্রধান বক্তা ছিলেন দলের ঝাড়খণ্ড রাজ্য সম্পাদক কমরেড রবীন সমাজপতি। সভাপতিত্ব করেন বিহার রাজ্য সম্পাদক কমরেড অরুণ কুমার সিংহ।

মধ্যপ্রদেশ

১০ আগস্ট ভোপালের গান্ধী ভবনে রাজ্য-স্তরীয় স্মরণ-সভায় প্রধান বক্তা ছিলেন দলের কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড সত্যবান। মধ্যপ্রদেশ রাজ্য সাংগঠনিক কমিটির সম্পাদক কমরেড প্রতাপ সামল রাজ্যের কৃষক আন্দোলন ও সরদার সরোবর প্রকল্প বিরোধী আন্দোলনের কথা তুলে ধরেন। সভাপতিত্ব করেন ভোপালের জেলা সম্পাদক কমরেড জিসি বরাই।

হায়দরাবাদ

দলের অন্ধ্রপ্রদেশ এবং তেলঙ্গানা রাজ্য কমিটির পক্ষ থেকে ৬ আগস্ট হায়দরাবাদের প্রেস ক্লাবে অনুষ্ঠিত কমরেড শিবদাস ঘোষ স্মরণ সভায় প্রধান বক্তা ছিলেন কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড কে রাধাকৃষ্ণ। সভাপতিত্ব করেন, কমরেড সি এইচ মুরাহরি।

আলিপুর কেন্দ্রীয় সংশোধনাগারে ৫ আগস্ট স্মরণ

আলিপুর কেন্দ্রীয় সংশোধনাগারে পার্টি ইউনিটের পক্ষ থেকে বিকাল ৩টায় সর্বহারার মহান নেতা কমরেড শিবদাস ঘোষ স্মরণ দিবস উদযাপন করা হয়। কমরেড হরিসাধন মালি সভার সভাপতি নির্বাচিত হন। কিন্তু তাঁর শারীরিক অসুস্থতার জন্য তাঁর অনুমতিক্রমে কমরেড জনার্দন পাল সভা পরিচালনা করেন। সভাপতি কমরেড হরিসাধন মালি কমরেড শিবদাস ঘোষের প্রতিকৃতিতে মাল্যদান করেন। পরে সভায় উপস্থিত কমরেডস, দলের দরদিরা মাল্যদান করেন। কমরেড শিবদাস ঘোষের উপর রচিত সঙ্গীতের মধ্য দিয়ে সভা শুরু হয়। বক্তব্য রাখেন কমরেড জনার্দন পাল, কমরেড বাঁশীনাথ গায়েন ও কমরেড অনিরুদ্ধ হালদার।